


## গণবিজ্ঞপ্তি

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন এর প্রাদুর্ভাব ও দেশে এই রোগের সংক্রমণ পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, দেশের আর্থ-সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকাণ্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগের ১০-০১-২০২২ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৩১ নং স্মারকের প্রেক্ষিতে আগামী ১৩ জানুয়ারি ২০২২ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নোক্ত সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি নিষেধ আরোপ করা হলো।

- (ক) দোকান, শপিংমল ও বাজারে ফ্রেতা-বিক্রেতা এবং হোটেল-রেষ্টোরাঁসহ সকল জনসমাগমস্থলে বাধ্যতামূলকভাবে সবাইকে মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় তাকে আইনানুগ শাস্তির সম্মুখীন হতে হবে;
- (খ) অফিস আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যত্যয় রোধে সমগ্র জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হবে;
- (গ) রেষ্টোরাঁয় বসে খাবার গ্রহণ ও আবাসিক হোটেলে থাকার জন্য অবশ্যই করোনা টিকা সনদ প্রদর্শন করতে হবে;
- (ঘ) ১২ বছরের উর্ধ্বের সকল ছাত্র-ছাত্রীকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত তারিখের পরে টিকা সনদ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের অনুমতি দেয়া হবে না;
- (ঙ) ট্রেন, বাস এবং লঞ্চ সক্ষমতার অর্ধেক সংখ্যক যাত্রী নেয়া যাবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে কার্যকারিতার তারিখসহ সুনির্দিষ্ট নির্দেশনা জারি করবে। সর্বপ্রকার যানের চালক ও সহকারীদের আবশ্যিকভাবে কোভিড-১৯ টিকা সনদধারী হতে হবে;
- (চ) বিদেশ থেকে আগত যাত্রীসহ সবাইকে বাধ্যতামূলক কোভিড-১৯ টিকা সনদ প্রদর্শন ও Rapid Antigen Test করতে হবে;
- (ছ) স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজের খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ এবং উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এ বিষয়টি নিশ্চিত করবেন;
- (জ) সর্বসাধারণের করোনার টিকা এবং বুস্টার ডোজ গ্রহণ ত্বরান্বিত করার লক্ষ্যে সিভিল সার্জন, কিশোরগঞ্জ প্রয়োজনীয় প্রচার এবং উদ্যোগ গ্রহণ করবেন। এক্ষেত্রে জেলা তথ্য অফিস প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে; এবং
- (ঝ) কোভিড আক্রান্তের হার ক্রমবর্ধমান হওয়ায় উন্মুক্ত স্থানে সর্বপ্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশসমূহ পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে।

কিশোরগঞ্জ জেলার জনসাধারণকে জারিকৃত গণবিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়াদি কঠোরভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোহাম্মদ শামীম আলম) ২০/০১/২০২২

জেলা প্রশাসক  
কিশোরগঞ্জ

ও

সভাপতি

করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি

ফোন : ০৯৪১-৬১৭৫৫


ফ্যাক্স : ০৯৪১-৬১৭২২

ইমেইল: [dckishoreganj@mopa.gov.bd](mailto:dckishoreganj@mopa.gov.bd)

স্মারক নং-০৫.৪১.৪৮০০.০০১.০১.০০১.১৬-৮৯

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা কিশোরগঞ্জ ১, ২, ৩, ৪, ৫, ৬।
০৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৮. সচিব, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, ঢাকা।
০৯. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
১০. শাখা অধিনায়ক, ডিজিএফআই, ময়মনসিংহ।
১১. পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
১২. অধিনায়ক, ২৩ ফিল্ড রেজি: আর্টিলারী, শহীদ সলাহুউদ্দিন সেনানিবাস, ঘাটাইল, টাঙ্গাইল।
১৩. অধিনায়ক, র্যাব-১৪, ময়মনসিংহ।
১৪. সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
১৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।
১৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ....., কিশোরগঞ্জ।
১৭. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), কিশোরগঞ্জ। তাঁর উপজেলায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
১৮. মেয়র, .....পৌরসভা (সকল), কিশোরগঞ্জ।
১৯. ....
২০. জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কিশোরগঞ্জ।
২১. অফিসার ইনচার্জ, .....থানা, কিশোরগঞ্জ।
২২. সিনিয়র জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কিশোরগঞ্জ। তাঁকে গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২৩. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কিশোরগঞ্জ।
২৪. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, কিশোরগঞ্জ।
২৫. আহবায়ক, সড়ক পরিবহন মালিক সমিতি, কিশোরগঞ্জ জেলা শাখা।
২৬. সভাপতি/সম্পাদক, হোটেল রেস্তোরাঁ মালিক সমিতি, কিশোরগঞ্জ জেলা শাখা।
২৭. ....

  
জেলা প্রশাসক  
কিশোরগঞ্জ

ও

সভাপতি

করোনা ভাইরাস নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটি।

